# বিএডিসি’র ২০০৫-০৬ হতে ২০১৫-২০১৬ পর্য ন্তসাফল্যের অগ্রগতি

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পো রেশন(বিএডিসি)

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পো রেশন(বিএডিসি) কৃষি মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। জাতীয় খাদ্য নিরাপত্তানিশ্চিতকরণের লক্ষ্যে কৃষক পর্য ায়ে কৃষি উপকরণ ও প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে কৃষির উন্নয়নই এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এ লক্ষ্যে বিএডিসি গুণগত মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও সরবরাহ; ভূ-পরিস্থ ও ভূ-গর্ভ স্থ পানির সর্বো ত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং মানসম্পন্ন সার আমদানি ও বিতরণ কার্য ক্রমসমূহবাস্তবায়ন করছে।

**প্রতিষ্ঠান গঠনের প্রেক্ষাপটঃ** কৃষকদের নিকট কৃষি উপকরণের সহজপ্রাপ্যতা নিশ্চিতকল্পে এবং দেশের সেচ এলাকা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য তদানীন্তন পাকিস্তান সরকার ১৯৫৯ সনের ১৬ জুলাই খাদ্য ও কৃষি কমিশন গঠন করে। এ কমিশন দেশের ক্রমবর্ধ মানজনসংখ্যার খাদ্য চাহিদা পূরণের লক্ষ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং কৃষি উপকরণ কৃষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে কৃষি উন্নয়ন কর্পো রেশনপ্রতিষ্ঠার প্রস্তাব করে। এর প্রেক্ষিতে ১৯৬১ সনের ১৬ অক্টোবর ৩৭ নং অধ্যাদেশ বলে ইস্ট পাকিস্তান এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পো রেশন (ইপিএডিসি) প্রতিষ্ঠা লাভ করে, যা বর্ত মানে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পো রেশন(বিএডিসি) নামে পরিচিত ।

**ভিশনঃ** মানসম্পন্ন কৃষি উপকরণ যোগান ও দক্ষ সেচ ব্যবস্থাপনা

**মিশনঃ** উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি করা, সেচ প্রযুক্তি উন্নয়ন, ভূ-পরিস্থ পানির সর্বো ত্তমব্যবহার, জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে সেচ দক্ষতা ও সেচকৃত এলাকা বৃদ্ধি এবং কৃষক পর্য ায়েমানসম্পন্ন সার সারবরাহ করা।

**প্রতিষ্ঠানের মূল কার্য াবলীঃ**

১. মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও সরবরাহ;

২. নন-ইউরিয়া সার আমদানি, সংরক্ষণ ও সরবরাহ;

৩. সেচ এলাকা সম্প্রসারণ ও সেচ সুবিধা প্রদান।

## সাংগঠনিক কাঠামো ও জনবলঃ

সংস্থার কার্য ক্রমবিবেচনায় সরকার কর্তৃক ১৭/১১/১৯৯৯ তারিখে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বিএডিসিকে পুনর্গ ঠনকরতঃ জনবল ৬৮০০ জনে নির্ধ ারণকরা হয়। পুনর্গঠিত জনবলের মধ্যে ১৭০০ জন কর্ম কর্তা এবং ৫১০০ জন কর্ম চারি বর্তমানে বিএডিসিতে মোট ৫ টি উইং চালু আছে। ১ জন চেয়ারম্যান, ৪ জন সার্ব ক্ষণিকসদস্য পরিচালক যথা: সদস্য পরিচালক (অর্থ), সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) ও সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) এবং পদাধিকার বলে (নিবন্ধক,

সমবায় অধিদপ্তর এবং মহা পরিচালক, বিআরডিবি) ২ জন সদস্যকে নিয়ে মোট ৭ জন সদস্য সমন্বয়ে পরিচালক পর্ষদ গঠিত। সচিব বিএডিসি পর্ষদের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

**বিএডিসি'র সার্বিক কার্যক্রমঃ**

দেশের কৃষি উন্নয়নের স্বার্থে সরকার বিএডিসি'র মাধ্যমে বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করছে। বিভিন্ন ফসলের মানসম্পন্ন বীজ উৎপাদন, সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, চারা ও গুটি কলম তৈরী ও বিতরণসহ দেশের কৃষকদের আধুনিক বীজ প্রযুক্তির সাথে পরিচয় ঘটানোর জন্য এ সংক্রান্ত প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর কার্যক্রম সংস্থার বীজ উইং এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে। আধুনিক সেচ সুবিধা সম্প্রসারণ, ভূপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সেচের পানির প্রাপ্যতা ও যথাযথ ব্যবস্থা নিশ্চিত করতে প্রযুক্তি আহরণ ও হস্তান্তরসহ কৃষককে সহায়তা প্রদানের জন্য বিএডিসির ক্ষুদ্রসেচ উইং কাজ করে যাচ্ছে। এর পাশাপাশি মাটির পুষ্টিগুণ, সমতা রক্ষা এবং ফসলের জন্য প্রয়োজনীয় নন-ইউরিয়া সার (টিএসপি, এমওপি ও ডিএপি) আমদানি, সংরক্ষণ ও কৃষকদের নিকট বিতরণের জন্য সার ব্যবস্থাপনা উইং কাজ করে যাচ্ছে। এছাড়া মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপযুক্ত জনবলের যোগান, অভ্যন্তরীণ জনবলকে জনসম্পদে রূপান্তরকরণ, প্রতিষ্ঠানের কাজ গতিশীল রাখার জন্য বিধি প্রণয়ন, পরিচালন ও প্রয়োজনীয় ক্ষেত্রে আইনী সহায়তা নিশ্চিতকরণ এবং বিএডিসি'র কর্মকান্ডে প্রচার প্রচারণা ইত্যাদি কাজ সংস্থার প্রশাসন উইং এর মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। সংস্থার যাবতীয় অর্থ, হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম অর্থ উইং এর মাধ্যমে সম্পাদিত হয়।

## বিএডিসি'র ২০০৫-০৬ হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত বীজ সংক্রান্ত অর্জনঃ

লক্ষ মে.টন

| অর্থ বছর | উৎপাদন | বিতরণ |
|---|---|---|
| ২০০৫-০৬ | ০.৭১ | ০.৫৫ |
| ২০০৬-০৭ | ০.৮ | ০.৬৫ |
| ২০০৭-০৮ | ০.৯১ | ০.৭২ |
| ২০০৮-০৯ | ১.০৩ | ০.৭৮ |
| ২০০৯-১০ | ১.২৯ | ০.৯০ |
| ২০১০-১১ | ১.৪৪ | ১.১৯ |
| ২০১১-১২ | ১.২৬ | ০.৯৭ |
| ২০১২-১৩ | ১.৩১ | ১.০৪ |
| ২০১৩-১৪ | ১.৪ | ১.১৪ |
| ২০১৪-১৫ | ১.৪১ | ১.২১ |
| ২০১৫-১৬ | ১.২৯ | ১.২২ |
| **মোট** | **১২.৮৫** | **১০.৩৭** |

# ২০০৫-১৬ পর্য ন্তবিএডিসি’র সার সংক্রান্ত অর্জন

লক্ষ মে.টন

| অর্থ বছর | কার্য ক্রম | সারের নাম | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | টিএসপি | এমওপি | ডিএপি | |
| ২০০৫-০৬ | আমদানি | - | - | - | - |
| | বিতরণ | - | - | - | - |
| ২০০৬-০৭ | আমদানি | ১.৩১ | ০.৯৭ | - | ২.২৮ |
| | বিতরণ | ০.১১ | ০.২৮ | - | ০.৩৯ |
| ২০০৭-০৮ | আমদানি | ০.৪৮ | - | - | ০.৪৮ |
| | বিতরণ | ১.৬০ | ০.৬৮ | - | ২.২৮ |
| ২০০৮-০৯ | আমদানি | ১.৪৯ | ০.৮০ | - | ২.২৯ |
| | বিতরণ | ০.৩৮ | ০.১২ | - | ০.৫০ |
| ২০০৯-১০ | আমদানি | ১.৫২ | ১.৫৪ | - | ৩.০৬ |
| | বিতরণ | ১.৬৯ | ০.৯৩ | - | ২.৬২ |
| ২০১০-১১ | আমদানি | ২.০৬ | ১.৮৫ | ০.৯৯ | ৪.৯০ |
| | বিতরণ | ২.২৩ | ২.৬২ | ০.২৪ | ৫.০৯ |
| ২০১১-১২ | আমদানি | ২.৩৪ | ২.৬৪ | ১.৩১ | ৬.২৯ |
| | বিতরণ | ২.১০ | ২.৩১ | ০.৭২ | ৫.১৩ |
| ২০১২-১৩ | আমদানি | ৩.১৩ | ৪.১৭ | ০.৫২ | ৭.৮২ |
| | বিতরণ | ২.৮৯ | ১.৮৪ | ০.৬৫ | ৫.৩৮ |
| ২০১৩-১৪ | আমদানি | ২.৮৭ | ৩.৮২ | ০.৫১ | ৭.২০ |
| | বিতরণ | ৩.৪১ | ৫.৩৮ | ১.০৯ | ৯.৮৮ |
| ২০১৪-১৫ | আমদানি | ৪.১৭ | ৩.৭৮ | ১.৫৬ | ৯.৫১ |
| | বিতরণ | ৩.৭৫ | ৪.১০ | ১.১৪ | ৮.৯৯ |
| ২০১৫-১৬ | আমদানি | ৩.৬৮ | ৪.৫০ | ১.৩১ | ৯.৪৯ |
| | বিতরণ | ৩.৭ | ৪.৭২ | ১.৪৬ | ৯.৯০ |

## ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্য ন্তবিএডিসি’র সেচ সংক্রান্ত অর্জনঃ

| বাস্তবায়িত কাজের বিবরণ | অর্থ বছর | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০০৫-০৬ | ২০০৬-০৭ | ২০০৭-০৮ | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ |
| খাল পুন:খনন (কি.মি.) | ৫৪.৯১ | ২৪০.৯৩ | ৫১৪.৭৫ | ৯০.০০ | ৭১৬.৯০ | ১৭০৫.০১ | ৮৭৫.২৫ | ১৪০৮.১০ | ১১.৫১ | ৭৪২.০০ | ৫৮০ |
| বেড়ীবাঁধ নির্মা ণ (কি.মি) | - | - | - | - | ৩৭.০০ | ১৮.২৮ | ২০.০০ | ৩৪.৭০ | ৩৮.৫৪ | ১.৭২ | ১১.২১ |
| গভীর নলকূপ পুনর্ব াসন (সংখ্যা) | ৩৩ | - | ০৬ | ০৬ | ১৬ | ৩২ | ২৩৯ | ৩১৮ | ১৮৮ | ২৪০ | ১৪৯ |
| গভীর নলকূপ স্থাপন (সংখ্যা) | ৫০ | ৪৬ | ১৬৪ | ১৬৬ | ২২১ | - | ২৬৭ | ২১৩ | ২৫৯ | ১৬৮ | ১১৮ |
| শক্তিচালিত পাম্প স্থাপন (সংখ্যা) | ৩০৭ | - | - | ১২৬ | ২০৩০ | - | ৬৩ | ৮২৭ | ১৬৯ | ১৭৯ | ৬১০ |
| সেচনালা নির্মা ণ (কি.মি.) | ৩৩.০৫ | ৭৪.০০ | ১৭৩.৬৩ | ৬৬.৯০ | ১১৮.৩২ | ২৯১৮.৬৪ | ৬৩১.৫৫ | ৬৬৫.৪০ | ৭২৪.২১ | ৭০৪.৭০ | ৫৫৮.০০ |
| সেচ অবকাঠামো নির্মা ণ (সংখ্যা) | ১১৯ | ৩৩৪ | ৫২৪ | ৫১ | ৬৭৯ | - | ৫৯৮ | ৮০১ | ২৫৭৫ | ৭১০ | ৭৫৬ |
| স্মার্ট কার্ড প্রিপেইড মিটার স্থাপন (সংখ্যা) | - | - | - | - | - | - | - | - | - | ২০১ | ২৯১ |
| রাবার ড্যাম নির্মা ণ (সংখ্যা) | - | - | - | - | - | - | - | ০৪ | - | - | ০২ |
| ডাগওয়েল নির্মা ণ (সংখ্যা) | - | - | - | - | - | - | - | | ১৮ | | ৬৮ |
| ফিতাপাইট স্থাপন (মিটার) | - | - | - | - | - | - | - | ৪৫৫০ | ৬০০০ | ১৭৫০ | ৪৪৭০ |
| সৌর বিদ্যুৎ চালিত পাম্পসেট স্থাপন (সংখ্যা) | - | - | - | - | - | ০৪ | ০৩ | ০৪ | - | - | - |
| সেচযন্ত্র বৈদ্যুতিকীকরণ (সংখ্যা) | ৯৩ | ৬৪ | ২২২ | ২৯৩ | ৩৩২ | | ২৪৮ | ৬০৭ | ৩৪১ | ৪৭৬ | ৫৬০ |
| প্রশিক্ষণ (জন) | ১২০৫২ | ৮৫৭ | ৫৯৪৩ | ৩১০২ | ১৭০১০ | | | | ৮৪৩২ | ২৬৫৫ | ১৪৬৫৮ |
| অগভীর নলকূপ স্থাপন (সংখ্যা) | - | - | - | - | - | - | - | - | ৩৪ | - | - |